দৈনিক সংবাদ

তারিখ 12 DEC 1986
পৃষ্ঠা 7 কলাম 5

57

## শিক্ষা প্রতিষ্ঠানের পূর্তকর্ম সম্পাদনের জন্য ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্ট গঠিত

সরকার শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্ট সৃষ্টি করেছেন। এই ডিপার্টমেন্ট শিক্ষা মন্ত্রণালয়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের পূর্তকর্ম সম্পাদন করবে।

মাঠ পর্যায় ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্টের অধীনে ঢাকা, ময়মনসিংহ, কুমিল্লা, রাজশাহী, রংপুর, বরিশাল, খুলনা ও চট্টগ্রামে আঞ্চলিক কার্যালয় থাকবে।

একজন পরিচালক/প্রধান প্রকৌশলীর দায়িত্বে সদর দপ্তর ও প্রতিটি আঞ্চলিক কার্যালয়ের দায়িত্বে একজন নির্বাহী প্রকৌশলীকে নিয়ে ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্টে সর্বমোট ৫৭০ জন কর্মকর্তা ও কর্মচারী থাকবে। খবর তথ্য বিবরণীর।